ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৪৮১

আমবাসা,২২ আগস্ট,২০২৫

**মালদা কুমার রোয়াজা পাড়া আয়ুষ্মান আরোগ্য মন্দিরে স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত**

ধলাই জেলার গঙ্গানগর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের অধীন মালদা কুমার রোয়াজা পাড়া আয়ুষ্মান আরোগ্য মন্দিরে আজ এক স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। এই স্বাস্থ্য শিবিরে মূলত ম্যালেরিয়া ও অসংক্রামক রোগের স্ক্রিনিং করা হয়। স্বাস্থ্যকর্মীরা গ্রামবাসীদের স্বাস্থ্য পরীক্ষা করে প্রয়োজনীয় পরামর্শ দিয়েছেন। এছাড়াও স্বাস্থ্য সম্পর্কিত বিভিন্ন বিষয়ে সচেতনতা বৃদ্ধি করতে বিশেষ সচেতনতামূলক কর্মসূচিও সংঘটিত করা হয়। শিবিরে মোট ৩০ জন গ্রামবাসীর স্বাস্থ্য পরীক্ষা করে প্রয়োজনীয় ওষুধ বিনামূল্যে বিতরণ করা হয়।

*****